

দৈনিক পত্রিকা থেকে সংগৃহীত সাধারণ জ্ঞান

(৩ জানুয়ারি, ২০২১)

বাংলাদেশ বিষয়াবলী

০১. সম্প্রতি কোন বাংলাদেশি বিজ্ঞানী  
বিজ্ঞানবিষয়ক মার্কিন সাময়িকী 'সায়েন্স নিউজ' -  
এর দৃষ্টিতে ২০২০ সালের উল্লেখযোগ্য ১০  
বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন?  
উত্তরঃ তনিমা তাসনিম।

০২. কোন প্রতিষ্ঠানের করোনা টিকা কেনার জন্য  
বাংলাদেশ সরকার চুক্তি করেছে?  
উত্তরঃ অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকা।  
## এই টিকা পেতে বাংলাদেশ সরকার ভারতের  
সিরাম ইন্সটিটিউট এবং বেক্সিমকো  
ফার্মাসিউটিক্যালসের সঙ্গে চুক্তি করেছে।  
## স্বাস্থ্য অধিদপ্তরের বর্তমান মহাপরিচালক -  
অধ্যাপক আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম।

০৩. ২০১৯ সালে দেশে কত তম উপজেলা  
পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়?  
উত্তরঃ পঞ্চম।

০৪. জাতিসংঘের শরণার্থী সংস্থা UNHCR  
সম্প্রতি কাকে বাংলাদেশে শুভেচ্ছাদূত হিসেবে  
ঘোষণা করেছে?  
উত্তরঃ সংগীতশিল্পী ও অভিনেতা তাহসান খান।  
## বর্তমানে বিভিন্ন দেশে UNHCR এর মোট  
শুভেচ্ছাদূত - ৩৩ জন।

০৫. 'বর্ণমালা, আমার দুঃখিনী বর্ণমালা' কবিতাটি  
কে লিখেছেন?  
উত্তরঃ শামসুর রাহমান।

০৬. ত্রিপুরা জনগোষ্ঠীর নববর্ষের উৎসবের নাম  
কী?  
উত্তরঃ বৈসু।  
## ভাষা - ককবরক, উমোই।  
## বাংলাদেশে ক্ষুদ্র জাতিগোষ্ঠীর মধ্যে তৃতীয়  
সর্বোচ্চ সংখ্যাগরিষ্ঠ।

০৭. সম্প্রতি বাংলাদেশ সরকার প্রথমবারের মতো  
দেশে কোন ইসলামী বন্ড চালু করেছে?  
উত্তরঃ সুকুক বন্ড।

০৮. ঢাকাকে কবে সুবা বাংলার রাজধানী হিসেবে  
ঘোষণা করা হয়?  
উত্তরঃ ১৬১০ সালে।  
## সুবর্ণ গ্রাম (বর্তমান সোনারগাঁ) কে  
শাসনকেন্দ্রে পরিণত করেন - স্থানীয় হিন্দু রাজা  
দনুজ মাধব দশরথদেব।

আন্তর্জাতিক বিষয়াবলী

০১. সম্প্রতি (১ জানুয়ারি, ২০২১) আফ্রিকা  
অঞ্চলে আনুষ্ঠানিকভাবে কার্যকর হওয়া মুক্ত  
বাণিজ্য অঞ্চলের নাম কী?  
উত্তরঃ African Continental Free Trade  
Area (ACFTA). [www.prebd.com](http://www.prebd.com)  
## বর্তমান বিশ্বের বৃহত্তম মুক্ত বাণিজ্য অঞ্চল -  
আফ্রিকা মহাদেশ।  
## আফ্রিকা মহাদেশের বর্তমান অর্থনীতির  
আকার - ৩ লাখ ৪০ হাজার কোটি মার্কিন  
ডলার।  
## African Union (AU) -এর সদস্য সংখ্যা -  
৫৫.

০২. সম্প্রতি (২ জানুয়ারি, ২০২০) কোন দেশ  
মৃত্যুদণ্ড বাতিলের ঘোষণা দিয়েছে?

উত্তরঃ কাজাখস্তান।

## কাজাখস্তানের বর্তমান প্রেসিডেন্ট - কাশিম-  
জুমরাত তুকায়েব।

০৩. 'সাদা-ই-ঘোর' বা 'ভয়েস অব ঘোর' কোন  
দেশের রেডিও চ্যানেল?

উত্তরঃ আফগানিস্তান।

## সম্প্রতি এই চ্যানেলের প্রধান সম্পাদককে  
আফগানিস্তানের ঘোর প্রদেশের রাজধানী ফিরোজ  
কোহে হত্যা করা হয়েছে।

০৪. জাপান কত সালের মধ্যে কার্বনমুক্ত হওয়ার  
ঘোষণা দিয়েছে?

উত্তরঃ ২০৫০ সাল।

০৫. কাতার কবে তাঁদের স্বাধীনতা ঘোষণা করে?

উত্তরঃ ৩ সেপ্টেম্বর, ১৯৭১.

## কাতারের জাতীয় দিবস - ১৮ ডিসেম্বর।

## বিজ্ঞান ও প্রযুক্তি

০১. ক্ষার ও অ্যাসিডের বিক্রিয়ায় কী উৎপন্ন হয়?

উত্তরঃ লবণ ও পানি।

## খেলাধুলা

০১. ২০২০ সালের এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফি হকি  
কোথায় অনুষ্ঠিত হবে?

উত্তরঃ ঢাকা, বাংলাদেশ।

## অনুষ্ঠিত হবে - ১১-১৯ মার্চ, ২০২১.

## সেরা উক্তি

“অতীতের সাফল্য হয়তো তোমাকে ভবিষ্যতের  
ব্যর্থতার দিকে নিয়ে যাবে। কিন্তু তুমি যদি প্রতিটি  
ব্যর্থতা থেকে শিক্ষা নিতে পারো, তবে দিন শেষে  
তুমি একজন সফল হবেই।”

- জ্যাক মা (প্রতিষ্ঠাতা, আলিবাবা গ্রুপ)

সংগ্রহেঃ Smd Kabir Hossain.-

fb.com/smdkhossain